**অর্থঋণ আদালত আইন ২০০৩ইং এর ৩৩(১) ধারা মোতাবেক**

# নিলাম বিজ্ঞপ্তি

**অর্থঋণ আদালত, ফেনী।**

**অর্থ ডিক্রিজারী মামলা নং- ০৪/২০২৩**

**বেসিক ব্যাংক লিমিটেড**, শান্তিনগর শাখা, ঢাকা।

-----------------বাদী/ডিক্রিদার।

**বনাম**

মেসার্স বি.এ.এম ট্রেডার্স

-----------------বিবাদী/দায়িক।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, **বেসিক ব্যাংক লিঃ, শান্তিনগর শাখা, ঢাকা** এর ঋণ গ্রহিতা **মেসার্স বি.এ.এম ট্রেডার্স**, স্বত্বাধিকারী মোঃ আনোয়ার আজিম পারভেজ এর গৃহীত ঋনের টাকা আদায়ের নিমিত্তে অর্থ ঋণ আদালত, ঢাকা তে অর্থ ঋণ মামলা নং ৪৭৭/২০১৪ দায়ের করিয়া ডিক্রী প্রাপ্ত হইয়া অত্র জারী মোকদ্দামা আনায়ন করিয়াছে। **বেসিক ব্যাংক লিঃ, শান্তিনগর শাখা, ঢাকা** দায়িকগনে বিরুদ্ধে অর্থ ডিক্রি জারী- ১৪৮/২০১৫ নং মোকদ্দমা দায়ের করিয়া থাকে, যাহা বদলী হইয়া অত্রাদালতে বিচারাধীন। উক্ত ঋণ গ্রহিতার নিকট ব্যাংক ৩০/০৪/২০১৫ ইং তারিখ পর্যন্ত সুদ ও খরচসহ **৬৭,০৮,৫৩৩.২২ টাকা** পাওনা হয়। এই অবস্থায় উক্ত টাকা আদায়ের জন্য এবং আদায় কালতক সুদ, ক্ষতিপূরণ ও অন্যান্য খরচ আদায়ের জন্য অত্র আদালত কর্তৃক নিম্ন তপসিল বর্ণিত বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য নিম্ন বর্ণিত শর্তাদীতে সীলমোহরকৃত টেন্ডার আহবান করা যাইতেছে।

## নিলামের শর্তাবলী

১। **আগামী ১০/১১/২০২৫ ইং** তারিখে বিকাল ২.০০ ঘটিকার মধ্যে সেরাস্তাদার, অর্থঋন আদালত, ফেনী এর কক্ষে রক্ষিত টেন্ডার বাক্সে জমা প্রদান অথবা রেজিষ্ট্রি ডাকযোগে নির্ধারিত সময়ের মধ্যে দরপত্র দাখিল করিতে হইবে এবং ঐদিন বিকাল ৪.০০ ঘটিকার সময় দরদাতাগণের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমান টাকা জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট/পে অর্ডার এর মাধ্যমে অর্থ ঋণ আদালত, ফেনী এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে (অর্থ ঋণ আদালত আইনের সংশোধনী ৩৩ (২), (ক), (খ) ও (গ) ধারা মোতাবেক প্রযোজ্য হারে)।

৩। অর্থ ঋণ আদালত আইনের সংশোধনী ধারা মোতাবেক দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৩০ দিন, ৬০ দিন অথবা ৯০ (নব্বই) দিনের মধ্যে (যেখানে যাহা প্রযোজ্য) প্রস্তাবিত মূল্যের অবশিষ্ট টাকা পরিশোধ করিতে হইবে। ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করিবেন। অকৃতকার্য দরদাতাদের জামানত যথাসময়ে ফেরত দেওয়া হইবে।

৪। দরপত্র দাতা এক বা একাধিক তপসিলের জন্য দরপত্র জমা দিতে পারিবেন।

৫। উপরোক্ত ৩নং শর্ত এর অধীন জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে নিলামে খরিদ করিতে আহবান জানানো হইবে। দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা আহত ১০ (দশ) দিনের মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত হইবে। বাজেয়াপ্ত জামানতের অর্থ দাবীকৃত অর্থের সহিত সমন্বয় করা হইবে।

৬। তপসিলোক্ত সম্পত্তির উপর কোন সরকারী, বেসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের বা কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা পরিশোধের কোন দায়দায়িত্ব আদালত এর উপর বর্তাইবে না।

৭। জামানত হীন দরপত্র বা ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল হইবে।

৮। দরপত্রে প্রদত্ত সম্পত্তির মূল্য অস্বাভাবিক কম বা অন্য কোন কারণে গ্রহণযোগ্য না হইলে তাহা গ্রহণে অত্রাদালতে বাধ্য থাকিবে না, কোন কারণ দর্শানো ছাড়া সর্বোচ্চ গৃহীত দরপত্র বা যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা অত্রাদালত সংরক্ষণ করে।

৯। সম্পত্তি রেজিষ্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ, ক্রয়কৃত সম্পত্তির যাবতীয় টেক্স ও অন্যান্য খরচ ক্রেতাকে বহন করিতে হইবে।

১০। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণকারী ব্যক্তিগণ বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

১১। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হইলে আদালত এর সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

## তফসিল সম্পত্তি “ক”

জেলা- ফেনী, খানা ও সাব- রেজিষ্ট্রী অফিসঃ ছাগল নাইয়া, তৌজী নং ১৩৮, জে.এল নং- ১০৫, মৌজা- পশ্চিম দেবপুর, খতিয়ান নং- ২৪৬, আর.এস- ২৬৫৩, দাগ নং- ১৬৯০/৫, আর.এস- ৪৭৭১, জমির পরিমান- ৩ শতাংশ এবং প্লট নং- ৪৮২০, জমির পরিমান- ২০ শতাংশ, সর্বমোট- ২৩ শতাংশ এবং তদস্থিত স্থাপনা বন্ধককৃত সম্পত্তি বটে। অত্র তফসিল সম্পত্তির মালিক বন্ধকদাতা বশির আহমেদ মজুমদার।

অত্র "ক" তফসিল সম্পত্তি বন্ধকী দলিল নং- ৩৯৬৫, তাং ০৮/১১/২০০৩ ইং দ্বারা বন্ধককৃত বটে।

**আদেশক্রমে- সেরেস্তাদার**
অর্থঋণ আদালত, ফেনী।

দৈনিক বাংলাদেশ বুলেটিন এবং দৈনিক স্টার লাইন
প্রকাশের তারিখ: ১৫/১০/২০২৫ইং